

## 💵 বিদ'আত পরিচিতির মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ বিদ'আতের মৌলিক নীতিমালা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রথম নীতি

অত্যধিক দুর্বল, মিথ্যা ও জাল হাদীসের ভিত্তিতে যে সকল ইবাদাত করা হয়, তা শরী'আতে বিদ'আত বলে বিবেচিত।

এটি বিদ'আত চিহ্নিত করার অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি নীতি। কেননা ইবাদাত হচ্ছে পুরোপুরি অহী নির্ভর। শরী'আতের কোনো বিধান কিংবা কোনো ইবাদাত শরী'আতের গ্রহণযোগ্য সহীহ দলীল ছাড়া সাব্যস্ত হয় না। জাল বা মিথ্যা হাদীস মূলতঃ হাদীস নয়। অতএব, এ ধরনের হাদীস দ্বারা সাব্যস্ত হওয়া কোনো বিধান বা ইবাদাত শরী'আতের অংশ হওয়া সম্ভব নয় বিধায় সে অনুযায়ী আমল বিদ'আত হিসেবে সাব্যস্ত হয়ে থাকে। অত্যধিক দুর্বল হাদীসের ব্যাপারে জমহুর মুহাদ্দিসগণের মত হল এর দ্বারাও শরী'আতের কোনো বিধান সাব্যস্ত হবে না। উদাহরণ: রজব মাসের প্রথম জুমু'আর রাতে অথবা ২৭শে রজব যে বিশেষ শবে মি'রাজের সালাত আদায় করা হয় তা বিদ'আত হিসেবে গণ্য। অনুরূপভাবে নিসফে শা'বান বা শবে বরাতে যে ১০০ রাকাত সালাত বিশেষ পদ্ধতিতে আদায় করা হয় যাকে সালাতুর রাগায়েব বলেও অভিহিত করা হয়, তাও বিদ'আত হিসেবে গণ্য। কেননা এর ফ্যীলত সম্পর্কিত হাদীসটি জাল।[1]

>

## ফুটনোট

[1] তানযীহুশ শারী'আহ আল-মরফু'আহ ২/৮৯-৯৪, আল-ইবদা' পৃ. ৫৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9907

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন